



পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক শ্রমিক ইউনিয়ন

১৮এ ব্রাবোর্গ রোড, কলকাতা-৭০০ ০০১

(বি.ই.এফ.আই-এর অন্তর্ভুক্ত সংগঠন)

রেজিঃ নং— ৪১৯৯



সার্কুলার নং — ০৬/২০১৭

তারিখ — ১৯.০৪.২০১৭

প্রিয় সাথী,

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের কর্তৃপক্ষের অযৌক্তিক ও অনৈতিক সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ।

নয়া আর্থিক নীতির প্রবাহকালে কেন্দ্রীয় সরকারের ব্যাঙ্ক শিল্পে সংযুক্তিকরণের প্রক্রিয়া এক নতুন মাত্রা এনেছে। এই ব্যাঙ্ক সংযুক্তিকরণের নীতি গ্রাহকদের স্বার্থে নয়। আন্তর্জাতিক লগ্নি পুজিকে আমাদের দেশে আহ্বান করার পথ মসৃণ করতেই এই উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমাদের দেশে সাধারণ মানুষের গচ্ছিত বিপুল পরিমাণ আমানতকে একত্রীকরণের মাধ্যমে লুণ্ঠের চক্রান্ত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের এই সংযুক্তিকরণের প্রক্রিয়াকে মসৃণ করার লক্ষ্যে আমাদের ব্যাঙ্কের কর্তৃপক্ষ গত ১লা এপ্রিল, ২০১৭ তারিখে অপ্রত্যাশিতভাবে আমাদের রাজ্যের তিনটি সার্কেলেই ব্যাপকভাবে কর্মচারী ও আধিকারিকদের অনুমোদিত পদের বিলুপ্ত করেছে।

কলকাতা সার্কেলে প্রায় ১০০ টি অনুমোদিত করনিক পদ কমানো হয়েছে। যার মধ্যে শুধুমাত্র ৯ টি শাখাতে ৫২ টি পদের সংকোচন করা হয়েছে। বর্ধমান সার্কেলে সর্বমোট ২৯ টি করনিক পদের সংকোচনের মধ্যে ৫ টি শাখাতে ১৮ টি পদ রয়েছে। বিভিন্ন সার্কেলে বেশ ভালো সংখ্যায় ম্যানেজার (scale-II) এর পদের সংকোচনও করা হয়েছে।


বিগত বেশ কিছুদিন যাবৎ আমাদের রাজ্যে বিভিন্ন শাখাতে কর্মচারীদের অনুমোদিত পদের অপ্রতুলতার কারণে স্বচ্ছন্দ গ্রাহক পরিসেবার ঘাটতি হচ্ছে। কর্তৃপক্ষের কাছে বহুবার বলা সত্ত্বেও কোনো সুরাহা হচ্ছে না। অধিকাংশ শাখাতে কর্মচারী ও আধিকারিকদের কাজের সুষ্ঠু পরিবেশ থাকছে না। প্রতি মাসে ব্যাপক অবসর গ্রহণের মধ্যে দিয়ে উপরোক্ত পরিস্থিতির প্রতিনিয়ত অধোগমন ঘটছে। বিভিন্ন শাখাতে বর্তমানে কাজের পরিবেশ কর্মবান্ধব নয়। এর ফলে গ্রাহক পরিসেবা ব্যাপকভাবে বিঘ্নিত হচ্ছে।

ব্যাঙ্ক কর্তৃপক্ষের এই একতরফা ঘৃণ্য পদক্ষেপের বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করতেই হবে। আমরা আমাদের সংগঠনের পক্ষ থেকে পরিস্থিতির গুরুত্ব উপলব্ধি করে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে সবকটি সংগঠনকে যৌথ ভাবে আন্দোলনে অবতীর্ণ হওয়ার আবেদন জানিয়ে চিঠি দিয়েছি।

এই পরিস্থিতিতে আমাদের ব্যাঙ্কে কর্মরত সকলের কাছে এই সংগ্রামে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আহ্বান জানাচ্ছি। আসুন সকলে একত্রিত হয়ে কর্তৃপক্ষের এই জঘন্য আক্রমণের বিরুদ্ধে অটুট প্রতিবাদ গড়ে তুলি।

সংকুচিত অনুমোদিত পদের প্রত্যর্পণের লক্ষ্যে যৌথ মঞ্চ লড়াইয়ের আহ্বান জানিয়ে আমরা যে চিঠি আমাদের ব্যাঙ্কে সবকটি সংগঠনের নেতৃত্বকে দিয়েছি তার প্রতিলিপি আমরা এই সার্কুলারের পরের পৃষ্ঠায় প্রকাশ করলাম আপনাদের অবগতির জন্য।

সংগ্রামী অভিনন্দন সহ,



(শ্রীজিৎ সেনগুপ্ত)

সাধারণ সম্পাদক

পরের পৃষ্ঠায় দেখুন

(Text of the letter sent to all the organizations of PNB on 13.04.2017)

Dear Comrade,

As you are very much observant that on 1st April 2017, exterminating decision taken by the management by fervently cutting down the sanction strength of SWOPR & OFFICERS in various branches of three circles without any justifiable intention.

In Kolkata circle 90 (ninety) clerical vacancies were cut down and in Burdwan circle the number is 29 (twenty nine). So far as the managers (scale-II) are concern, 27 (twenty seven) sanctioned vacancies in Kolkata circle and 20 (twenty) in Burdwan circle were abated respectively.

Only in 09 (nine) branches in Kolkata circle, there was 52 vacancies were knock off. Similarly in Burdwan circle, 18 vacancies were knock off only in 06 (six) branches.

Employees & Officers of PNB in the state of West Bengal are observing with deep anguish that in maximum branches, they are working under tremendous pressure and excruciating circumstances. The basic sanction strength of workmen and officers needed for rendering smooth & better customer service was absent since long. There was no scientific system of assessment of requisite staff strength at the branches.

In spite of the business increasing manifold in all the circles, the sanctioned staff strength is being drastically reduced by management again without any tenable motive, resulting in creation of an environment of misunderstanding between the customers and the employees and thus will emerge an unwanted and unavoidable situation which is not at all desirable for the growth and development of our glorious institution.

By measuring the gravity and importance of the situation we, the all unions of workmen & officers in our state in PNB should come forward to protest against this unwanted and extraminating decision taken by the management as done earlier in several occasions.

We urge upon you to sit together as soon as possible in a convenient date & venue as per our expedient to grasp the situation and to formulate some programmes and also to take some emergent footsteps to restore the sanction strength in our state to maintain the genial customer - employees relation.

Anticipating your favourable & cordial respond as earlier.

Sd/-

General Secretary"
